# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৩.১১ সিয়ামের প্রকারভেদ - ৩২. সিয়াম কত প্রকার ও কী কী?

চার প্রকার, যথা- ১. ফরজ, ২. নফল, ৩. মাকরূহ ৪. হারাম।

প্রথমত: ফরয সিয়াম

ক. রমযান মাসের সিয়াম

খ. কাযা সিয়াম।

গ. কাফফারার সিয়াম

ঘ. মান্নত সিয়াম

দ্বিতীয়ত: নফল সিয়াম

ক. শাওয়াল মাসের ছয়টি সিয়াম

খ. যিলহাজ্জ মাসের প্রথম দশকের সিয়াম

গ. আরাফার দিনের সিয়াম

ঘ. মুহাররম মাসের সিয়াম

ঙ. আশুরার সিয়াম।

চ. প্রতি চান্দ্রমাসের ১৩, ১৪, ১৫-এ তিন দিনের সিয়াম

ছ. সাপ্তাহিক সোম ও বৃহস্পতিবারের সিয়াম

জ. শাবান মাসের সিয়াম

ঝ. দাউদ (আঃ)-এর সিয়াম।

ঞ. বিবাহে অসামর্থ ব্যক্তিদের সিয়াম।

তৃতীয়ত: মাকরূহ সিয়াম

ক. হাজ্জ পালনরত অবস্থায় আরাফার দিনের সিয়াম

খ. বিরতিহীনভাবে সিয়াম পালন।

গ. পানাহার বিহীন সিয়াম।

ঘ. কেবলমাত্র জুমু'আর দিনের সিয়াম

ঙ. শুধুমাত্র শনিবারে সিয়াম

চতুর্থত: হারাম সিয়াম

ক. দু' ঈদের দিন এবং কুরবানীর ঈদের পরবর্তী ৩ দিন
খ. সন্দেহপূর্ণ দিনের (৩০ শাবান) সিয়াম
গ. স্বামীর বিনা অনুমতিতে স্ত্রীর নফল সিয়াম
ঘ. মহিলাদের হায়েয-নিফাসকালীন সময়ের সিয়াম
ঙ. গুরুতর অসুস্থ অবস্থায় সিয়াম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13431

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন